

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
 সুরক্ষা সেবা বিভাগ  
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
 ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
 Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের Live Operation Visible Execution (LOVE) সংক্রান্ত  
Aps এর বাস্তবভিত্তিক প্রয়োগের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

সভাপতি	:	কাজী আবেদ হোসেন পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)।
তারিখ	:	০৩ ফেব্রুয়ারি, ২০২২, সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	:	অধিদপ্তরের সম্মেলন কক্ষ (২য় তলা)।
উপস্থিতি	:	পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, আমাদের সক্ষমতা ও পারঙ্গমতা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। মনন ও দৃষ্টিভঙ্গী লালন করে আমাদের সামনে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, আমরা মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে একযোগে কাজ শুরুর পূর্বে পরীক্ষামূলকভাবে কয়েকটি জায়গায় (ঢাকা বিভাগের মানিকগঞ্জ জেলায়, চট্টগ্রাম বিভাগের টেকনাফে এবং রংপুর বিভাগের পীরগঞ্জ উপজেলায়) Aps এর কার্যক্রম শুরু করবো।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে HR SOFTBD নামক সফটওয়ার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের চীফ এক্সিকিউটিভ অফিসার উক্ত Aps সকলের মাঝে উপস্থাপন করেন। মাদক মামলা দায়েরের ক্ষেত্রে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের ক্ষেত্রে উক্ত Aps গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১)	Live Operation Visible Execution (LOVE) সংক্রান্ত Aps এর কার্যক্রম আগামী ২ মাস পরীক্ষামূলকভাবে করতে হবে। আগামী ১ মাস ট্রায়াল স্বরূপ কম গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে উক্ত সময়ের মধ্যে ভূল-ভাষ্টিসমূহ থেকে বাস্তব জ্ঞানলব্দ করতে হবে।
২.২)	LOVE Aps এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট খাত হতে ব্যয় করতে হবে এবং কর্মকর্তা-কর্মচারীগণের স্পষ্টে যাতায়াতের জন্য সংশ্লিষ্ট অফিস প্রধান সমন্বয় করবেন।
২.৩)	মক ট্রায়াল হিসেবে আগামী ১৫ দিন মামলা উদঘাটন সংক্রান্ত Aps এর কার্যক্রমে কোন সাধারণ জনগণকে সম্পৃক্ত না করে নিজেরা অর্থাৎ সংশ্লিষ্ট জেলার কর্মকর্তা-কর্মচারীগণ মহড়া বা তথ্য আদান-প্রদান করবেন।
২.৪)	আগামী ১৫ দিন মক ট্রায়ালের পর পুনরায় এ বিষয়ে একটি জুম সভা করতে হবে এবং উক্ত সভায় ফিডব্যাক জানাতে হবে।
২.৫)	LOVE Aps ও মাদক মামলা সংক্রান্ত কার্যক্রমের প্রচার-প্রচারণার জন্য কোন একটি ফোন কোম্পানিকে এ্যাড তৈরির জন্য দায়িত্ব প্রদান করতে হবে।
২.৬)	LOVE Aps এর কার্যক্রম NTMC'র সাথে সম্পৃক্ত হয়ে পরিচালিত হবে।
২.৭)	LOVE Aps এর কার্যক্রম পরিচালনার জন্য ২৪ ঘন্টায় সিডিউল অনুযায়ী ডিউটি থাকবে। এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য একজন সহকারী পরিচালককে আগামী ১ মাস সংযুক্ত রাখতে হবে। সকল তথ্যাদির বিষয়ে তিনি যাচাই-বাচাই করবেন এবং ফলোআপ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

২.৮)	নির্বাচিত ৩টি স্থানের বাস্তবভিত্তিক পরিকল্পনা ও রকম হবে। সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক/গোয়েন্দা কার্যালয়ের উপপরিচালক আগে ওয়ার্ক আউট করবে। তারা আগামী ৭দিনের কর্মসূচী উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাবেন। এ সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।
২.৯)	আগামী ১ মাসের মধ্যে অন্য কোন সংস্থাকে সম্পৃক্ত না করে মাদকবিরোধী কার্যক্রম সম্পূর্ণ করতে হবে। এ সময় এ সংশ্লিষ্ট সকলকে সুবিধা ও অসুবিধাসমূহ লিপিবদ্ধ রাখতে হবে ও পরবর্তীতে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাতে হবে।
২.১০)	আগামী ১ মাস পর এ কার্যক্রম সংশ্লিষ্ট ৩টি স্থানের কর্মকর্তা-কর্মচারীগণ ইনহাউজ সভা করবেন এবং সমস্যা বা সফলতা সকলকে সকলে অবহিত করবেন।
২.১১)	HR SOFTBD সফটওয়ার প্রতিষ্ঠানকে LOVE Apps এর ইউজার নেম ও আইডি আগামী ৭দিনের মধ্যে দিতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কজী আবিদ হোসেইন)

পরিচালক (প্রশাসন, অর্থ ও উন্নয়ন)।

২৩ মাঘ, ১৪২৮

তারিখঃ-----

০৬ ফেব্রুয়ারি, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রংপুর/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রংপুর/জেলা কার্যালয়, মানিকগঞ্জ/ উপপরিচালক (প্রশাসন/অপারেশন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয়/ঢাকা বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয়/টেকনাফ বিশেষ জোন।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- পরিচালক (প্রশাসন/অপারেশন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- সিটেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- মহাপরিচালক মহোদয়ের স্টোফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- অফিস কপি।

(দীপজয় হোসেইন)

সহকারী পরিচালক (প্রশাসন)।